# গাড়ি দুর্ঘটনা থেকে সুপার বোউলে পারফর্ম করা পর্যন্ত Lakeside High Alum এর অসাধারণ সফর

মদ্যপ অবস্থায় গাড়ি চালানোর কারণে একটি হওয়া দুর্ঘটনা Kamille Gilmore কে সম্পূর্ণরূপে পরিবর্তিত, বিভ্রান্ত বা বিচলিত করে তুলেছিল কিন্তু শেষ পর্যন্ত এমন একটি অসাধারণ সফরের দিকে তাকে নিয়ে গেছিল যা খুব কম লোকই স্বপ্নে তা দেখতে পারেন।

বিশ বছর আগে, Gilmore তখন নয় মাসের অন্ত:সত্ত্বা এবং তার পুত্রসন্তান তখন তার গর্ভে এবং সেইসময় একজন মধ্যপ ড্রাইভার তার গাড়িতে ধাক্কা মারে। তিনি গাড়ির মধ্যে আটকা পড়েছিলেন এবং জানালা দিয়ে তাকে টেনে বের করতে হয়েছিল। প্যারামেডিকরা আশঙ্কা করেছিলেন যে তিনি পক্ষাঘাতগ্রস্ত হয়ে পড়েছেন এবং তিনি তার ডান হাতে আঘাত পেয়েছেন। চিকিৎসকরা জানিয়ে দেন, তিনি তার ডান হাতে আর কখনোই পূর্ণ শক্তি ফিরে পাবেন না। এই চ্যালেঞ্জগুলি সত্ত্বেও, Gilmore ভেঙে পড়েননি এবং তিনি নিরাপদে তার পুত্রসন্তান প্রসব করেছিলেন। তবে, সুস্থ হয়ে ওঠার জন্য তাকে দীর্ঘ পথ পাড়ি দিতে হয়েছিল।

“আমাকে আমার কব্জি, আমার শরীরের জন্য শারীরিক থেরাপি করাতে হয়েছিল এবং এর পরে, এটি আমার জন্য কেবল থেরাপি ছিল,” Gilmore বলেছেন। “এমন বেদনাদায়ক কিছু ঘটার পরে, আপনাকে সত্যিই আপনার শক্তি এবং সাহস খুঁজে পেতে হবে।

একজন প্রাক্তন DeKalb County School District (*DCSD*) ছাত্রী, Gilmore, রোলার স্কেটিংয়ের মাধ্যমে শক্তি এবং সাহস অর্জন করেছিলেন। এটি কেবল তাকে তার দুর্ঘটনা থেকে পুরোপুরি সেরে উঠতেই সহায়তা করেনি, উপরন্তু এটি তাকে লাস ভেগাসে সুপার বোউলের হাফটাইম শোতে পারফর্ম করতেও পরিচালিত করেছিল, যেখানে তিনি সঙ্গীত জগতের কিংবদন্তি Usher এর পাশাপাশি স্কেটিং করেছিলেন।

Gilmore, Briarlake Elementary School-এ পড়াশুনো করার পরে 1998 সালে Lakeside High School থেকে স্নাতক হয়েছিলেন। DeKalb কাউন্টিতে বড় হয়ে ওঠা তার জন্য একটি আকর্ষণীয় অভিজ্ঞতা ছিল কারণ তিনি সংখ্যাগরিষ্ঠ-থেকে-সংখ্যালঘু (Majority-to-Minority) প্রোগ্রামের অংশ ছিলেন। এই প্রোগ্রামটি তাদের হোম স্কুলে সংখ্যাগরিষ্ঠ জাতিগত গোষ্ঠীর শিক্ষার্থীদের এমন একটি স্কুলে স্থানান্তর করতে সক্ষম করেছিল যেখানে তাদের গোষ্ঠীটি সংখ্যালঘু ছিল।

Gilmore বলেন, “সংখ্যালঘু থেকে সংখ্যাগরিষ্ঠতে যাওয়া, বেশ কয়েকটি বাস বদল করে, দুই ঘণ্টা সফর করে স্কুলে যাওয়া সহজ ছিল না।” “আমি মনে করি এটাই আমার স্বার্থত্যাগের মূল্য। অনেক লোক আমার সাথে দেখা করেন এবং আমাকে জিজ্ঞাসা করে কেন আমি এত খোলা মনের মানুষ। কারণ আমি আমার মতো দেখতে মানুষের সঙ্গে বড় হয়ে উঠিনি।

Briarlake Elementary স্কুলে পড়ার সময় তার পারফর্ম করার ইচ্ছা প্রবল হয়ে উঠেছিল। তিনি আগ্রহের সাথে ট্যালেন্ট শো, প্রতীকী ভাষায় সমবেত সংগীত এবং নৃত্য পরিবেশনায় অংশ নিয়েছিলেন।

"আমি জেনেছিলাম যে নাচতে আমার খুব ভালো লাগে, তবে তার থেকেও বেশি গুরুত্বপূর্ণ, আমি নৃত্যপরিকল্পনা করতে ভালোবাসি," তিনি বলেছিলেন।

Gilmore বলেছিলেন যে হাই স্কুলে তার ওজন 200 পাউন্ড ছিল তবে এক গ্রীষ্মে তিনি তার ওজন 100 পাউন্ড কমিয়েছিলেন। তিনি হাই স্কুলে, নৃত্য দল, ট্র্যাক এবং ফিল্ড, চিয়ারলিডিং এবং স্কুলের সমবেত সঙ্গীতের মতো বিভিন্ন ক্রিয়াকলাপে অংশ নিয়েছিলেন।

"হাই স্কুলে আমি অনেক কিছুতে অংশগ্রহণ করেছি করেছি, যা ছিল অসাধারণ। এটি আমাকে আমার পছন্দ অন্বেষণ করতে এবং তা খুঁজে বের করার সুযোগ দিয়েছিল এবং আমি বুঝতে সক্ষম হয়েছিলাম যে আমি গতি, নাচ এবং মানুষকে অনুপ্রাণিত করতে পছন্দ করি," তিনি বলেছিলেন। "আমি তখন স্কেটিং করতাম না। অবশ্যই, আমরা কয়েকবার বন্ধুদের সাথে গিয়েছিলাম, তবে আমার গাড়ি দুর্ঘটনার আগে আমি এটিকে গুরুত্ব দিইনি।

দুর্ঘটনা থেকে সুস্থ হয়ে উঠতে, Gilmore এর কয়েক বছর লেগেছিল। তার সেরে ওঠার সময়, তাকে স্কেটিংয়ে যাওয়ার জন্য আমন্ত্রণ জানানো হয়েছিল এবং তিনি শীঘ্রই আবিষ্কার করেছিলেন যে তিনি দুর্ঘটনার আগের অবস্থার নিজেকে ফিরে পাওয়ার প্রক্রিয়ার অংশ হিসাবে স্কেটিং ব্যবহার করতে পারেন।

"নিজের পূর্বাবস্থায় ফিরে আসার জন্য, আমি সঙ্গীতকে আমার প্রেরণা হিসেবে বেছে নিই। আমি কোমর নাড়াতে শুরু করলাম এবং গানের তালে তালে নিজেকে একীভূত করে দিতে শুরু করলাম," তিনি বলেছিলেন। আমি ভেবেছিলাম এটি একটি দারুণ শরীরচর্চা। এটি সত্যিই কম ব্যয়সাধ্য এবং এটি বাড়ির মতোই মনে হয়েছিল। আমি মানসিক চাপ এবং শক্তি মুক্ত করে আমার নিজস্ব স্টাইল তৈরি করেছি, যা আমাকে আমার স্বাভাবিক অবস্থায় ফিরিয়ে এনেছে এবং নিজেকে আবার ভালবাসতে শিখিয়েছে।

তিনি Decatur-এ Golden Glide Skating Rink-এ, তারপরে আটলান্টায় Cascade Skating Rink-এ তার স্কেটিং দক্ষতা নিখুঁত করে তোলা শুরু করেছিলেন এবং সমগ্র দেশের স্কেটিং রিঙ্কে তার দক্ষতা প্রদর্শন করেছেন।

"বলতে গেলে—আমি আমার কাঠের স্পাইক পেয়েছি—আমি প্রতিটি স্টেটে, প্রতিটি শহরে স্কেটিং রিঙ্কে ঘণ্টার পর ঘণ্টা কাটিয়েছি, যেখানে আমি প্রতিটি স্টাইলের অকৃত্রিমতা শিখতে পেরেছি," তিনি বলেছিলেন।

দশ বছরেরও বেশি আগে, তিনি Cascade একটি রোলার স্কেটিং প্রোগ্রাম শুরু করেছিলেন, যেখানে Usher এর সাথে তার দেখা হয়েছিল, একদিন যিনি অনুশীলন করতে স্কেটিং রিঙ্কে এসেছিলেন এবং Gilmore এর কাছ থেকে কিছু পদক্ষেপ শিখেছিলেন।

"তিনি আমাদের কাছ থেকে শেখেন, আমরাও তার কাছ থেকে শিখি এবং এমন কিছু নেই যা তিনি করতে পারেন না। আমরা সাধারণত স্কেটিং করতাম এবং আবহ তৈরি করতাম এবং আমার কিছু অত্যন্ত জনপ্রিয় রুটিন ছিল যা আমি স্কেটিং রিঙ্কে তৈরি করেছিলাম যাতে প্রত্যেকে যোগ দিতে এবং সেগুলি করতে পছন্দ করবে," Gilmore বলেছিলেন। আমি তাকে আমার সাথে সাথে আমার একটি

রুটিন করতে দেখলাম এবং আমি বললাম, ‘চলো এটাই করি!’ আমরা বহু বছর ধরে একসাথে স্কেটিং করছি।”

বিনোদন জগতে তিনি অপরিচিত নন। Gilmore, Morris Brown College থেকে মাস কমিউনিকেশনে একটি ডিগ্রি নিয়ে স্নাতক হন এবং টেলিভিশনে কাজ করেছেন। এমনকি তিনি Drumline চলচ্চিত্রে একটি নৃত্য দলের সদস্যের চরিত্রে অভিনয়ও করেছিলেন।

Gilmore, Kameo Production Studios এরও প্রতিষ্ঠাতা, একটি নাচের স্কুল যেখানে তার শিক্ষার্থীরা টেলিভিশন এবং চলচ্চিত্র প্রযোজনায় অভিনয় করেছে। উপরন্তু, তিনি Kameo Role নামে একটি রোলার-স্কেটিং প্রোগ্রাম চালান।

গত বছর, Gilmore তার প্যারিস শোয়ের জন্য স্কেটিং রুটিনগুলি গড়ে তোলার জন্য Usher এর সাথে সহযোগিতা করেছিলেন। Usher যখন তার লাস ভেগাসের রেসিডেন্সিতে পারফর্ম করছিলেন, তখন Gilmore এর চূড়ান্ত শোতে অংশ নেওয়ার সুযোগ হয়েছিল। যদিও, শো এর কয়েক ঘন্টা আগে, তাকে পারফর্ম করার কথা বলা হয়, যদিও প্রাথমিকভাবে তিনি কেবল শোটি দেখার পরিকল্পনা করছিলেন।

“আমার সেটি খুব ভালো লেগেছিল,“ শেষ শোতে পারফর্ম করার বিষয়ে Gilmore বলেছিলেন।

তাকে যে Super Bowl তাকে পারফর্ম করতে আহ্বান জানানো হবে তা Gilmore ভাবতেও পারেননি। কিন্তু ফের ভাগ্য বিরূপ।
“আমি একটি টেক্সট পেয়েছিলাম যেখানে জানতে চাওয়া হয়েছিল যে আমি এখনই ভেগাসে আসতে পারব কিনা। আমি অত্যন্ত উত্তেজিত ছিলাম,” তিনি বলেছিলেন। “সেখানে পৌঁছানো এবং প্রযোজনাটি অনুষ্ঠিত হতে দেখা খুবই মনোরম অভিজ্ঞতা ছিল। এটি একটি অভাবনীয় পারফরম্যান্স ছিল এবং এর মধ্যে যে প্রানোচ্ছলতা, সময় এবং সৃজনশীলতা ছিল দর্শকেরা তা অনুভব করা শুরু করেছিলেন।

তার নাচের প্রোগ্রামের মাধ্যমে, যে পারিপার্শ্বিক পরিবেশ তাকে পারফর্ম করার জন্য তার আবেগকে খুঁজে পেতে সহায়তা করেছিল এবং নতুন প্রজন্মের পারফর্মারদের অনুপ্রাণিত করার আশা জাগিয়েছিল, এ যেন Gilmore এর সেই পারিপার্শ্বিক পরিবেশকে ঋণ পরিশোধ। দুই সন্তানের মা এখন একজন DCSD অভিভাবক এবং তিনি যে স্কুল ডিস্ট্রিক্ট থেকে শিক্ষা লাভ করেছেন তার সন্তানেরা যে সেই একই জায়গা থেকে শিক্ষা পাচ্ছেন, এটি তার কাছে অত্যন্ত সুখকর। তিনি আশা করেন যে তার সন্তানরা এবং সমস্ত DCSD শিক্ষার্থীরা তাদের আবেগকে খুঁজে পাবে, যেমন তিনি পেয়েছিলেন এবং তাদের অলীক স্বপ্নগুলি পূরণ করার চেষ্টা করবেন।

“সাধারণ মানুষ সাফল্য বলতে যা বোঝান সেই অনুযায়ী নিজের চিন্তাধারাকে চালিত করবেন না,” তিনি বলেছেন। “আপনি একজন ডাক্তার হতে পারেন এবং একজন DJ হতে পারেন। আপনি দুটি ভিন্ন ধরনের দক্ষতার মধ্যে একটি সুখকর মাধ্যম খুঁজে পেতে পারেন। সৃজনশীল হতে এবং অন্বেষণ করতে কখনই ভয় পাবেন না।”

XXX